

## সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ২৫/০৮/২০১৯ খ্রিষ্টাব্দ

### বাংলাদেশ জাতীয় জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৪তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে সেমিনার আয়োজন

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৯ পালন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘরের উদ্যোগে আগামী ২৬ আগস্ট ২০১৯, সোমবার, বিকাল ৩.০০ টায় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে ‘বঙ্গবন্ধুর কৃষি ভাবনা’ শীর্ষক এক সেমিনারের আয়োজন করা হয়েছে। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করবেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (বাকসু)-এর সাবেক ভিপি ও শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজের অধ্যক্ষ **কৃষিবিদ ড. এ কে এম রফিকুল ইসলাম**। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় উপদেষ্টা পরিষদের সম্মানিত সদস্য ও বাংলাদেশ কৃষক লীগের সাবেক সভাপতি **ড. মিজা এম. এ. জলিল**। সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত থাকবেন তুলা উন্নয়ন বোর্ডের নির্বাহী পরিচালক **কৃষিবিদ ড. মো. ফরিদ উদ্দিন** এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরিচালক **কৃষিবিদ ড. মো. আবদুল মুঈদ**। সভাপতিত্ব করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক **জনাব মো. রিয়াজ আহম্মদ**।

সেমিনারের সংবাদ গ্রহণের জন্য আপনার বহুল প্রচারিত গণমাধ্যমের প্রতিনিধি প্রেরণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

**ড. শিহাব শাহরিয়ার**  
কীপার, জনশিক্ষা বিভাগ  
বাংলাদেশে জাতীয় জাদুঘর

বার্তা সম্পাদক/ বার্তা পরিচালক

-----

ঢাকা